

বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের আঞ্চলিক পরিচালক পদের নির্বাচনে বাংলাদেশের প্রার্থী মিজ্ সায়মা ওয়াজেদ-এর গৌরবময় বিজয়



অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ০১ নভেম্বর ২০২৩ তারিখে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের আঞ্চলিক পরিচালক পদের নির্বাচনে বাংলাদেশের প্রার্থী মিজ্ সায়মা ওয়াজেদ নিরঙ্কুশ বিজয় লাভ করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর পক্ষ থেকে মিজ্ সায়মা ওয়াজেদ-কে আন্তরিক অভিনন্দন।

এ নির্বাচনে সদস্য রাষ্ট্র হিসেবে বাংলাদেশ, ভুটান, উত্তর কোরিয়া, ভারত, ইন্দোনেশিয়া, মালদ্বীপ, নেপাল, শ্রীলংকা, থাইল্যান্ড ও পূর্ব তিমুর ভোটদানে অংশগ্রহণ করে। বাংলাদেশের প্রার্থী মিজ্ সায়মা ওয়াজেদ ৮-২ ভোটে নেপালের প্রার্থী মি. শম্মু আচার্য-কে পরাজিত করেন। আঞ্চলিক পরিচালক হিসেবে মিজ্ সায়মা ওয়াজেদ ২০২৪ সাল হতে আগামী পাঁচ বছরের জন্য দায়িত্ব পালন করবেন। নির্বাচিত হওয়ায় তিনি বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের সদস্য রাষ্ট্রগুলোর প্রতি ধন্যবাদ জানান এবং এ অঞ্চলের জনস্বাস্থ্য খাতে অবদানের জন্য বিদায়ী পরিচালক ড. পুনম ক্ষেত্রপাল সিংয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ, বিশেষ করে অটিজম বিশেষজ্ঞ হিসেবে ভূমিকার জন্য মিজ্ সায়মা ওয়াজেদ বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেছেন। তিনি বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালকের অটিজম ও মানসিক স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

গৌরবজনক এ বিজয়ের মাধ্যমে বাংলাদেশ আন্তর্জাতিক পরিমন্ডলে সাফল্যের অনন্য উচ্চতায় উপনীত হওয়াসহ বিশ্ব স্বাস্থ্য খাতে বাংলাদেশের অগ্রযাত্রার দ্বার নতুনভাবে উন্মোচিত হলো।